

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিমন্ত্রীর দপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।

তারিখঃ ১৪/০৩/২০১৬ খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

তানভীর জোহা/ তানভীর হাসান জোহার সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কোন ধরনের সংশ্লিষ্টতা নেই

সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাংক অব নিউ ইয়র্কের “বাংলাদেশ ব্যাংক”-এর একাউন্ট থেকে হ্যাকিংয়ের মাধ্যমে প্রায় ৮১ মিলিয়ন মার্কিন ডলার পাচার করা হয়েছে মর্মে প্রচার মাধ্যমে (প্রিন্ট, ইলেকট্রনিক্স ও অনলাইন মিডিয়া) সংবাদ প্রচারিত হয়েছে। এই ঘটনা পরবর্তী পরিস্থিতিতে প্রকাশিত ও প্রচারিত কিছু সংবাদ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(আইসিটি) বিভাগের গোচরীভূত হয়েছে যাতে জনাব তানভীর জোহা/ তানভীর হাসান জোহা নামক এক ব্যক্তিকে আইসিটি বিভাগের কর্মকর্তা বলে অভিহিত করা হচ্ছে। সরকারের আইসিটি বিভাগ এই ঘটনাকে খুবই উদ্বেগজনক হিসেবে বিবেচনা করছে এবং এ বিষয়ে আইসিটি বিভাগ সংশ্লিষ্ট সকলকে সঠিক ও অর্থবহ তথ্য প্রদান করা যুক্তি-সংগত বলে মনে করছে।

প্রকৃতপক্ষে, এই অর্থ-পাচার/হ্যাকিং-এর ঘটনা অনুসন্ধান আইসিটি বিভাগ কর্তৃক কোন তদন্ত কমিটি গঠিত হয়নি, এমনকি কোন প্রতিষ্ঠানের সাথে যৌথভাবেও আইসিটি বিভাগ কোন অনুসন্ধান কার্যক্রমে জড়িত নয়। জনাব তানভীর জোহা/ তানভীর হাসান জোহা নামের কোন ব্যক্তির সাথে আইসিটি বিভাগের কোন ধরনের সংশ্লিষ্টতা নেই এবং আইসিটি বিভাগের সাইবার সিকিউরিটি স্পেশালিস্ট বা সাইবার সিকিউরিটি ফোকাল পয়েন্ট বা সাইবার নিরাপত্তা বিভাগের ডাইরেক্টর(অপারেশন) হিসেবেও কর্মরত নন। এ ধরনের সংবাদে আইসিটি বিভাগ বিস্মিত। এই নামের কোন ব্যক্তির কর্মকাণ্ড দ্বারা কোন মহল বা প্রতিষ্ঠান প্রভাবিত বা প্ররোচিত বা প্রতারণিত হলে তার দায়দায়িত্ব আইসিটি বিভাগ বহন করবে না।

রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর এই বিষয়ে সকলকে সর্বোচ্চ সতর্কতা ও সচেতনতা অবলম্বনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছে।

ধন্যবাদসহ



মোঃ আবু নাছের

জন-সংযোগ কর্মকর্তা(প্রশিক্ষণরত)

মোবাইল নং: ০১৯১৪০২১১৬৪

ই-মেইল : nasher.info.2013@gmail.com